দৈনিক সংবাদ

FEB. 25 20[illegible]

তারিখ ...

পৃঃ ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক নিয়োগ নিয়ে অনিয়ম?

কাগজ প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক পদে নিয়োগ নিয়ে অভিযোগ পাওয়া গেছে।

সূত্র জানায়, গত অক্টোবর মাসে অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপকের ২টি পদে নিয়োগের জন্য বিজ্ঞাপন দেওয়া হয়। কিন্তু নিয়োগ দেওয়া হয়েছে ৪ জনকে। পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়ার কথা বিজ্ঞাপনে উল্লেখ থাকলেও পিএইচডি ডিগ্রিধারী প্রার্থী বাদ দিয়ে ২ জন জুনিয়র লেকচারারকে নিয়োগ দেওয়া হয়েছে। এ পদে নিয়োগপ্রাপ্ত কামরুন্নাহার ইসলাম এবং সেলিম রায়হান এ দুজনই ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাত্র দেড় বছর প্রভাষক হিসেবে শিক্ষকতা করছেন। অথচ বিধি অনুযায়ী সহকারী অধ্যাপক হিসেবে নিয়োগ পেতে অন্তত পক্ষে ৩ বছরের অভিজ্ঞতা প্রয়োজন।

এ ব্যাপারে সিলেকশন কমিটির সদস্য এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামানের কাছে জানতে চাইলে তিনি বলেন, নিয়োগ সম্পূর্ণ বিধিসম্মত। তিনি বলেন, তাদের উভয়ের 'একাডেমিক ক্যারিয়ার' খুবই ভালো। প্রকাশনার সংখ্যাও অনেক। ঢাকা বিশ্ববিদ্যালয়ে তাদের চাকরি ৩ বছর না হলেও দেশের বাইরে তাদের একাধিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার অভিজ্ঞতা রয়েছে। তিনি বলেন, ২টি পদের জন্য বিজ্ঞাপন থাকলে তিনজনকে নেওয়া যায়।